

# সঞ্চারিণীর কবিতা সম্ভার

## কবিতা: সূতো কাটা ঘুড়ি

সরে গেছ ---  
আড়াল হয়ে আছ দূর  
নক্ষত্রের ভিড়ে

শূন্যে উড়া ঘুড়িটি  
বার কয়েক, পাক  
খেতে-খেতে  
সূতো কেটে  
মুখ খুবড়ে পড়ে আছে  
ভীষণ একাকী ।

## কবিতা : মেঘলা চাদর

সমস্ত শরীর জুড়ে  
ঘন শীত নামে . . .  
হীম হয়ে আসে লাল-  
নীল শোণিত

নির্কপাট নিঃসঙ্গতা  
গ্রাস করে চেতনা . . .  
মেঘলা চাদরে জড়ায়  
বিবশ বিষন্নতা ।

## সিঁথি-পথ

চিনে বাদামের খোলস ছাড়ানোর মত করে  
এলো চুল সাজিয়ে দু'পাশ  
ঐকে নিলে চুলের জমীনে  
মধ্য সিঁথি-পথ

তোমার সিঁথি পথ ধরে  
কতকাল হেঁটে গেছে সে  
বিশ্বাসী রুমালে ঘাম মুছে

তুমি শুধু এগিয়ে গেছ সমুখে  
চিরুণি চালিয়ে নিপুণ হাতে  
জানতেনা শেষ তার  
নীল দিগন্তে

## কবিতা: পাড়েল ভাঙে

অন্তঃক্ষরা প্রস্রাবিনী  
পাড়েল ভেঙে নেমে আসে

দীঘল প্রশ্বাসের  
প্রান্তর পেরিয়ে  
নোনা জলের কাব্য গড়ে চলে  
মসৃণ সমতলে

কাঁপা - কাঁপা নিঃশ্বাসের  
পাথর - নুড়ি  
দমকে দিতে চায় বাঁধ

বাঁধ মানেনা নোনা জল . . .

পাড়েল ভাঙে পাড়  
সাগর উত্তাল ।